

## বিষ্ফোভের মুখে স্কুলের নিয়োগ পরীক্ষা স্থগিত

■ নন্দীগ্রাম (বগুড়া) সংবাদদাতা

চাকরিপ্রার্থী ও এলাকাবাসীর বিষ্ফোভের মুখে নন্দীগ্রাম পাইলট হাইস্কুলের শিক্ষক নিয়োগ পরীক্ষা স্থগিত করা হয়েছে। প্রধান শিক্ষকের নিয়োগ মূল্যিয়ে রেখে সহকারী শিক্ষক নিয়োগের উদ্যোগ নিলে এলাকাবাসীর বাধায় তা পণ্ড হয়ে যায়। শুক্রবার এ ঘটনা ঘটে।

জানা গেছে, নন্দীগ্রাম পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষকের পদ বৈধ কিছুদিন যাবৎ শূন্য রয়েছে। সহকারী শিক্ষক শফি উদ্দিন দীর্ঘদিন যাবৎ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন। জটিলতার কারণে শফি উদ্দিন প্রধান শিক্ষক হতে না পারায় প্রধান শিক্ষক নিয়োগ প্রক্রিয়া মূল্যিয়ে রেখেছেন বলে অভিযোগ উঠেছে। প্রধান শিক্ষকের পদ শূন্য রেখে সম্প্রতি সহকারী শিক্ষক ও লাইব্রেরিয়ান পদে শিক্ষক নিয়োগের উদ্যোগ নেয় স্কুল ম্যানেজিং কমিটি।

আবেদনকারীদের শুক্রবার সকাল ৯টায় নিয়োগ পরীক্ষার জন্য ডাকা হয়। নিয়োগ পরীক্ষা গ্রহণের সব প্রক্রিয়া যখন চূড়ান্ত ঠিক সেই মুহূর্তে এলাকার যুবকরা মুখে কালো কাপড় বেঁধে হাইস্কুলের সামনে বিষ্ফোভ প্রদর্শন করতে থাকে। তারা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের অপসারণ দাবি করেন। একই সাথে তারা প্রধান শিক্ষক পদে নিয়োগের পূর্বে সবধরনের নিয়োগ প্রক্রিয়া বন্ধের দাবি জানায়। একপর্যায়ে তাদের বিষ্ফোভের মুখে নিয়োগ পরীক্ষা স্থগিত করা হয়। নন্দীগ্রাম পাইলট হাইস্কুল ম্যানেজিং কমিটির সভাপতি ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনিছুর রহমান নিয়োগ পরীক্ষা স্থগিত করার বিষয়টি স্বীকার করে বলেন, কিছু জটিলতার কারণে নিয়োগ পরীক্ষা স্থগিত করা হয়েছে। এ ব্যাপারে নন্দীগ্রাম উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোতাহার হোসেন বলেন, প্রধান শিক্ষক নিয়োগ না করে সহকারী শিক্ষক নিয়োগের উদ্যোগ নেয়ায় নিয়োগ পরীক্ষা স্থগিত করা হয়েছে।